

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং-এবাএখা/প্রশা/ রাজশাহী /১৬৩/২০১০- ৫৭৫৯

তারিখঃ ২৪.০৬.২০২১ খ্রি।

অফিস আদেশ

সাময়িক বরখাস্তকৃত মাঠ সহকারী জনাব জান্নাতুল আসমা, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গোদাগাড়ী, রাজশাহী-কে সিনিয়র অফিসার, চাঁপাইনবাবগঞ্জ-এর ২২.০৬.২০২১ তারিখের ৩৭৪ সংখ্যক স্মারকের প্রতিবেদনের প্রেক্ষিতে ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো:


(ক) জনাব জান্নাতুল আসমা -কে ১৩.০৪.২০২১ খ্রি. হতে এই আদেশ জারির তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

(খ) তাকে সদর, চাঁপাইনবাবগঞ্জ উপজেলার মাঠ সহকারীর শূন্য পদে পদায়ন করা হলো। তিনি অবিলম্বে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

(গ) ভবিষ্যতে দায়িত্ব পালনে গাফিলতি এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে কারণ দর্শানো ব্যতিরেকে তাকে চাকুরিচ্যুত করা হবে।

২। মাঠ সহকারী জনাব জান্নাতুল আসমার কর্মকান্ড নিয়মিত পর্যবেক্ষনের জন্য জেলা সমন্বয়কারী, সিনিয়র অফিসার, চাঁপাইনবাবগঞ্জ এবং উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক, সদর, চাঁপাইনবাবগঞ্জ -কে অনুরোধ করা হলো। একই সাথে প্রকল্পের কাজে কোন প্রকার উদাসীনতা পরিলক্ষিত হলে সাথে সাথে প্রকল্প দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(আশফর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

headoffice@ebek-rdcd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ / রাজশাহী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী/ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৪. জেলা সমন্বয়কারী/ সিনিয়র অফিসার, চাঁপাইনবাবগঞ্জ / রাজশাহী।
৫. উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গোদাগাড়ী, রাজশাহী/ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৬. জনাব.....।
৭. সংশ্লিষ্ট নথি।